

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৯২

পর্ব ২১: খাদ্য (ইআন । كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْهَا قَالَتْ: كَانَ يَأْتِي عَلَيْنَا الشَّهْرُ مَا نُوقِدُ فِيهِ نَارًا إِنَّمَا هُوَ التَّمْرُ وَالْمَاءُ إِلَّا أَنْ يُؤْتَى بِاللُّحَيْمِ

বাংলা

8১৯২-[৩৪] উক্ত রাবী ['আয়িশাহ্ সিদ্দিকা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, কখনো কখনো আমাদের ওপর গোটা একটি মাস অতিবাহিত হত, তন্মধ্যে আমরা আগুন জ্বালাতাম না, শুধু খুরমা ও পানি দ্বারাই আমাদের জীবিকা হত। তবে কোন সময়ে কিছু মাংস (হাদিয়া স্বরূপ) এসে পড়লে (তা খেতাম)। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৪৫৮, মুসলিম (২৯৭২)-২৬, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৫৪০, মুসনাদে আহমাদ ৭৯৬২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩২৭৭, আল আদাবুল মুফরাদ ২৩২, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৫৩৯৪, ইবনু মাজাহ ৪১৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَا نُوقِدُ فِيهِ نَارًا) "আমরা আগুন জ্বালাতাম না" অর্থাৎ একমাস অবধি আমরা রুটি বানাতাম না এবং তা রালা করতাম না।

(إِنَّمَا هُوَ التَّمْرُ وَالْمَاءُ) "তা ছিল শুধুমাত্র খেজুর ও পানি।" অর্থাৎ আমাদের খাবার খেজুর ও পানি ব্যতীত আর কিছ্ই ছিল না।

(إِلَّا أَنْ يُوْتَى بِاللَّحَيْمِ) "তবে আমাদেরকে যদি (হাদিয়া স্বরূপ) কিছু গোশত দেয়া হত তাহলে তা রান্না করতাম।" অর্থাৎ আমরা রান্না করার জন্য আগুন জ্বালাতাম না বরং আমরা খেজুর খেয়েই দিন যাপন করতাম। আর যখন



কোন আনসারীদের পক্ষ থেকে গোশত প্রেরণ করা হত তা রান্না করার জন্য আগুন জ্বালাতাম। (মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১১শ খন্ড, হাঃ ৬৪৫৮; তুহফাতুল আহ্ওয়াযী ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৪৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন